

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

আগারগাঁও, শেরে বাংলা নগর

ঢাকা-১২০৭।

[www.lged.gov.bd](http://www.lged.gov.bd)



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০২.০০০০.০০১.১৮.১২৪.১৭- ৭০৫১

তারিখ: ২১.১০.২০২০ খ্রিঃ।

অফিস আদেশ

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় মাঠ পর্যায়ে উন্নয়নমূলক কাজের পরিধি ক্রমান্বয়ে বৃদ্ধি পেয়েছে কিন্তু অনেক উপজেলা প্রকৌশলীর দপ্তরে প্রয়োজনীয় জনবলের স্বল্পতার কারণে উন্নয়নমূলক কাজসহ দাপ্তরিক ও প্রশাসনিক কাজে বিঘ্নের সৃষ্টি হচ্ছে। উক্ত সমস্যা নিরসনে মাঠ পর্যায়ে জনবল নিয়োগ প্রক্রিয়া চলমান রয়েছে। এতদসত্ত্বেও অধস্তন দপ্তর হতে কমিউনিটি অর্গানাইজার বা অন্যান্য জনবল দিয়ে বিভাগীয় অতিরিক্ত প্রধান প্রকৌশলী, আঞ্চলিক তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি সদর দপ্তরের বিভিন্ন ইউনিট ও প্রকল্প পরিচালকের দপ্তরসহ জেলা পর্যায়ের নির্বাহী প্রকৌশলীর দপ্তরে কাজ করানো হচ্ছে।

এমতাবস্থায়, অধস্তন দপ্তর হতে বিভাগীয় অতিরিক্ত প্রধান প্রকৌশলী, আঞ্চলিক তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি সদর দপ্তরের বিভিন্ন ইউনিট ও প্রকল্প পরিচালকের দপ্তরসহ জেলা পর্যায়ের নির্বাহী প্রকৌশলীর দপ্তরে দায়িত্বরত কমিউনিটি অর্গানাইজারসহ অন্যান্য কর্মচারীদের (জরুরী প্রয়োজন ব্যতিত) অনতিবিলম্বে মূল কর্মস্থলে প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হলো।

(মোঃ আব্দুর রশীদ খান)

প্রধান প্রকৌশলী

ফোন: ৫৮১৫২৮০২

ই-মেইল: ce@lged.gov.bd

অনুলিপি (জ্ঞাতার্থে ও কার্যার্থে):

- (১) অতিরিক্ত প্রধান প্রকৌশলী....., এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- (২) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি,.....বিভাগ,.....।
- (৩) তত্ত্বাবধায়ক প্রকৌশলী....., এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- (৪) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি,.....অঞ্চল,.....।
- (৫) প্রকল্প পরিচালক,....., এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- (৬) নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জেলা:.....।
- (৭) সেকশন ইনচার্জ, এমআইএস সেকশন, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- (৮) উপজেলা প্রকৌশলী, এলজিইডি, উপজেলা:....., জেলা:.....।